# প্রিমিয়ার ইউনিভার্সিটি বুলেটিন

মাসিক বুলেটিন

মার্চ, ২০১৯. ১ম সংখ্যা



**উপদেষ্টা**

প্রফেসর ড. অনুপম সেন
উপাচার্য
প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম

**সম্পাদক**

অমল ভূষণ নাগ
অধ্যাপক, ব্যবসা-শিক্ষা অনুষদ
প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম

**সহযোগী সম্পাদক**

খুরশিদুর রহমান
রেজিস্ট্রার
প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম

**সহকারী সম্পাদক**

শামসুল আরেফীন
সহকারী জনসংযোগ কর্মকর্তা
প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম

**প্রকাশনায়**

জনসংযোগ শাখা
প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম


## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বোর্ড অব ট্রাস্টিজের সভায় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল

জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে এই ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সভা অনুষ্ঠিত হয়েছে। ০১ ফেব্রুয়ারি ২০১৯, সকাল ১০ টায় শুরু হওয়া সভায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা



উপমন্ত্রী ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি। এছাড়া বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন এবং এস আলম গ্রুপের কর্ণধার সাইফুল আলম মাসুদ। সভায় কনভোকেশন, ইউনিভার্সিটির ডেভেলপমেন্ট ও বিভিন্ন ভবন নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া আগামী জুন মাসে কনভোকেশন করার পরিকল্পনা গ্রহণ করা হয়। সভায় বোর্ড অব ট্রাস্টিজের সদস্যদের মধ্য থেকে আরও উপস্থিত ছিলেন হাসিনা মহিউদ্দিন, রেমন্ড আরেং, ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, বোরহানুল হাসান চৌধুরী, অরুণ দাশগুপ্ত ও সাবিহা মুসা।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সিন্ডিকেট সভা অনুষ্ঠিত

### শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেলের প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিদর্শন



জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে এই ইউনিভার্সিটির সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়েছে। ১৮ জানুয়ারি ২০১৯, বিকেল ৩.৩০ টায় শুরু হওয়া সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ও সিন্ডিকেট চেয়ারম্যান প্রফেসর ড. অনুপম সেন। সভায় বিগত সিন্ডিকেট সভার কার্যবিবরণী অনুমোদন, কনভোকেশন এবং প্রশাসনিক ও একাডেমিক বিষয়ে আলোচনা করা হয়। সভা চলাকালীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিদর্শনে আসেন। এসময় প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে সিন্ডিকেট কর্তৃক তাঁকে পুষ্পস্তবক প্রদান করে অভিনন্দন জানানো হয়। এছাড়া ইউনিভার্সিটির সার্বিক কার্যক্রম তাঁকে অবহিত করা হয়। সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মনোনীত সদস্য প্রফেসর আবদুল্লাহ আল ফারুখ, সিন্ডিকেটের সদস্য সচিব ইঞ্জিনিয়ার মো. আবু তাহের, সদস্য প্রফেসর ড. মোহীত উল আলম, প্রফেসর ড. তৌফিক সাঈদ, অ্যাসোসিয়েট প্রফেসর এম. মঈনুল হক। এছাড়া আরও উপস্থিত ছিলেন ডেপুটি রেজিস্ট্রার খুরশিদুর রহমান প্রমুখ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত

জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে ইউনিভার্সিটির একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়েছে। ২৫ ফেব্রুয়ারি ২০১৯, বিকেল ৩ টায় অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ, প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ও একাডেমিক কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. অনুপম সেন। সভায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন, ছাত্র-ছাত্রীদের আচরণ বিধি প্রণয়ন, একাডেমিক নিয়ম-কানুন, ছাত্র-ছাত্রীদের অ্যাওয়ার্ড/বৃত্তি প্রদান বিষয়ক নিয়ম-কানুন, ছাত্র-ছাত্রীদের দরিদ্র তহবিল প্রদান বিষয়ক নিয়ম-কানুন, সংশোধিত সিলেবাস অনুমোদন এবং বিভিন্ন কমিটি (বিভাগীয় কমিটি ইত্যাদি) অনুমোদন প্রভৃতি বিষয়ে আলোচনা করা হয়। এই সভায় একাডেমিক কাউন্সিলের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন রেমন্ড আরেং, প্রফেসর অমল ভূষণ নাগ, প্রফেসর ড. মোহীত উল আলম, প্রফেসর ড. মিহির কুমার রায়, প্রফেসর ড. তৌফিক সাঈদ, প্রফেসর মোয়াজ্জম হোসেন, এম. মঈনুল হক, অরুণ দাশগুপ্ত, সোহেল এম শাকুর, ইফতেখার মনির, তানজিনা আলম চৌধুরী, সাদাত জামান খান, ফারজানা ইয়াসমিন চৌধুরী, টুটন চন্দ্র মল্লিক প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান।



## দখিনা-আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রিকেটে প্রিমিয়ার ইউনিভার্সিটি চ্যাম্পিয়ন






দখিনা-আন্তঃবিশ্ববিদ্যালয় টি-২০ ক্রিকেট টুর্নামেন্টের শিরোপা জিতেছে প্রিমিয়ার ইউনিভার্সিটি। ২০ ফেব্রুয়ারি ২০১৯, চট্টগ্রাম এম এ আজিজ স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনাল খেলায় তারা সাদার্ন ইউনিভার্সিটিকে পরাজিত করে। চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার ব্যবস্থাপনায় সৃজনশীল মাসিক পত্রিকা 'দখিনা'-এর আর্থিক পৃষ্ঠপোষকতায় এ টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। এম এ আজিজ স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনাল খেলায় প্রিমিয়ার ইউনিভার্সিটি ৭২ রানের ব্যবধানে সাদার্ন ইউনিভার্সিটিকে পরাজিত করে। টসে জিতে সাদার্ন ইউনিভার্সিটি প্রিমিয়ারকে প্রথমে ব্যাট করতে পাঠায়। প্রিমিয়ার নির্ধারিত ২০ ওভার ব্যাট করে ৮ উইকেট হারিয়ে ১৭৫ রানের চ্যালেঞ্জিং স্কোর দাঁড় করায়। ওপেনিং জুটি মিরাজুল হক এবং সাদিকুর রহমান ৫১ রানের জুটি গড়ে বিচ্ছিন্ন হন। মিরাজুল ১৯ রান করে আউট হয়ে গেলেও সাদিক ৩৪ বল খেলে অর্ধশতক তুলে নেন। তাঁর ৫২ রানের ইনিংসে ৭টি চার এবং ১টি ছক্কা ছিল। মিডল অর্ডারে সাব্বির হোসেন ১২, শামসুদ্দিন বাপ্পা ১৩ বলে ২৯, তানভীর আহমেদ ২৪ বলে ৩৫ এবং রকিবুল হোসেন ১৩ রান সংগ্রহ করে দিলে দলের রান সংখ্যা দেড়শো ছাড়িয়ে ১৭৫ এ গিয়ে পৌঁছে। সাদার্ন ইউনিভার্সিটির কাজী কামরুল ইসলাম ২৯ রানে এবং রতন দাশ ৩৮ রানে ২টি করে উইকেট নেন। অন্যদের মধ্যে তারেক আজিজ, ইফতেখার সাজ্জাদ, ওমর ফারুক এবং মো. বেলাল প্রত্যেকে ১টি করে উইকেট পান। জবাবে সাদার্ন ইউনিভার্সিটি ১৭.২ ওভার ব্যাট করতে পারে। তারা ১০৩ রান সংগ্রহ করেই থেমে যায়। শুরুতেই উইকেট হারায় সাদার্ন। তা থেকে আর বেরোতে পারেনি তারা। তিন নম্বরে ব্যাট করতে নামা ইয়াসির আলী রাব্বি এদিন দলের সর্বোচ্চ রান সংগ্রাহক হলেও দলকে জয়ের দিকে নিয়ে যেতে পারেননি। ২১ বলে তাঁর ৩১ রানের ইনিংসে ২টি চার এবং ২টি ছক্কার মার ছিল। তারেক আজিজ ১১ এবং টেইল এন্ডার ওমর ফারুকের অপরাজিত ১৫ রানের সুবাদে শতরানের কোঠা পার হতে সমর্থ হয় সাদার্ন ইউনিভার্সিটি। প্রিমিয়ারের আটোসাটো বোলিংয়ের সামনে সাদার্ন ব্যাটসম্যানরা সুবিধা করতে পারেননি। প্রিমিয়ার ইউনিভার্সিটির মেহেদী হাসান ২৫ এবং ওমর ফারুক ১৭ রানে ৩টি করে উইকেট নেন। মিরাজুল হক ৯ রানে পান ২টি উইকেট। সাদিকুর রহমান ১ রান এবং তানভীর আহমেদ ১৪ রান দিয়ে প্রত্যেকে ১টি করে উইকেট নেন। ফাইনালে সেরা খেলোয়াড় এবং ম্যান অব দ্যা টুর্নামেন্টের পুরস্কার লাভ করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির সাদিকুর রহমান। সুদৃশ্য ট্রফি ছাড়াও চ্যাম্পিয়ন, রানার্স আপ ও ম্যাচ সেরা এবং টুর্নামেন্ট সেরাকে প্রাইজ মানি প্রদান করা হয়। ফাইনাল খেলা শেষে সিটি মেয়র ও সিজেকেএস সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন। এই সমাপনি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কোরিয়ান সংস্থা ডেইজনের পরিবেশ বিষয়ক ওয়ার্কশপ ও প্রদর্শনী

জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে কোরিয়ান সংস্থা ডেইজনের উদ্যোগে কোরিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের নিয়ে পরিবেশ দূষণমুক্ত রাখার বিষয়ে প্রজেক্ট শো'র মাধ্যমে ওয়ার্কশপ ও ডকুমেন্টারি প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। ২৪ ফেব্রুয়ারি ২০১৯, বিকেল ৪ টায় অনুষ্ঠিত এই ওয়ার্কশপ ও প্রদর্শনীতে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের প্রফেসর ড. মোহীত উল আলম। এতে ডেইজনের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ইয়ে ইয়ুন কিম উপস্থিত ছিলেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক ও ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান।

ওয়ার্কশপ ও প্রদর্শনীর প্রতিপাদ্য বিষয় ছিল 'বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ক্যাম্পাসে সচেতনতার মাধ্যমে ঘটাতে হবে সবুজ বিপ্লব'। ইয়ে ইয়ুন কিম জলবায়ু দূষণের ফলে ক্ষতিগ্রস্ত দেশগুলোর, বিশেষ করে বাংলাদেশের ঝুঁকিগুলো তুলে ধরে বলেন, বাংলাদেশ প্রধান কার্বন নিঃসরণকারী দেশ না হয়েও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষায় 'জলবায়ু সন্ত্রাসের শিকার'। তিনি ২০৫০ সাল নাগাদ ১ কোটির অধিক মানুষ 'জলবায়ু শরণার্থী'তে পরিণত হওয়ার বিষয়ে একটি গুরুত্বপূর্ণ ডকুমেন্টারি প্রদর্শন করেন। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গ্রীন ক্যাম্পাস গড়ে তুলতে এনভাইরোনমেন্টাল ক্লাব গড়ে তোলার বিষয়ে গুরুত্বারোপ করেন।




## প্রিমিয়ার ইউনিভার্সিটির নতুন রেজিস্ট্রার খুরশিদুর রহমান



প্রিমিয়ার ইউনিভার্সিটির নতুন রেজিস্ট্রার নিযুক্ত হয়েছেন মো. খুরশিদুর রহমান। সম্প্রতি অনুষ্ঠিত প্রিমিয়ার ইউনিভার্সিটির সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুসারে উপাচার্য মহোদয় তাঁকে এই পদে নিয়োগ প্রদান করেন। খুরশিদুর রহমান রেজিস্ট্রার পদে নিযুক্ত হওয়ায় ইউনিভার্সিটির কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষক-শিক্ষিকাদের পক্ষ থেকে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

ইংরেজি বিভাগে 'ফিনিক্স, এ টাইম'স এনেকডোট' গ্রন্থের মোড়ক উন্মোচন

## ইতিহাস মৃত মানুষের সঙ্গে কথা বলার সুযোগ করে দেয়: ড. মোহীত উল আলম

জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে ইংরেজি বিভাগের ৩৩ তম ব্যাচের ২য় অর্ধবর্ষের কোর্স-এর পাঠ্য কার্যক্রমের অংশ হিসেবে 'ফিনিক্স, এ টাইম'স এনেকডোট' নামক একটি গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়েছে। ০৫ ফেব্রুয়ারি ২০১৯, সকাল ১১ টায় গ্রন্থটির মোড়ক উন্মোচন করেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহীত উল আলম। ইংরেজি বিভাগের শিক্ষক রেজওয়ানা চৌধুরীর তত্ত্বাবধানে প্রকাশিত গ্রন্থটিতে শিক্ষার্থীদের ৩১ টি প্রবন্ধ উপস্থাপন করা হয়েছে। শিক্ষার্থীরা ৩১ টি গ্রুপে ভাগ হয়ে প্রবন্ধগুলো রচনা করেন। একটি যাযাবর জাতি হিসেবে আত্মপ্রকাশ করে পরবর্তীতে কিভাবে




ইংরেজরা ঔপনেবেশিক শক্তিতে পরিণত হল, তা ধারাবাহিকভাবে তুলে ধরার উদ্দেশ্যে শিক্ষার্থীরা ব্রিটেনে বিভিন্ন রাজার শাসন, বিভিন্ন রাজবংশ, সামাজিক ও রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ ঘটনা, ইংল্যান্ডের পার্লামেন্ট ব্যবস্থা, ধর্ম, গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব প্রভৃতি তুলে ধরেছেন প্রবন্ধগুলোতে। গ্রন্থটির মোড়ক উন্মোচন করে ড. মোহীত উল আলম বলেন, এমন একটি গ্রন্থ প্রকাশের জন্য ইংরেজি বিভাগ সত্যিই প্রশংসার দাবিদার। তিনি গ্রন্থটি সম্পর্কে বলতে গিয়ে ইতিহাস জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে বলেন, ইতিহাস আমাদের মৃত মানুষের সঙ্গে কথা বলার সুযোগ করে দেয়। তিনি আরও বলেন, রাজা-রাণী তথা শাসকশ্রেণির ইতিহাস জানার পাশাপাশি শোষিত ও নিরীহদের ইতিহাস জানাও জরুরি। তবেই ইতিহাস সম্পর্কে জ্ঞান হবে সম্পূর্ণ ও সমৃদ্ধ।

ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের আন্তঃ বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় প্রিমিয়ার ইউনিভার্সিটি রানার আপ

## বিতর্ক প্রতিযোগিতা মানসিক উৎকর্ষ সাধনে সহায়ক: উপাচার্য ড. অনুপম সেন

সম্প্রতি বাংলাদেশ শিশু একাডেমি-চট্টগ্রামে ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল আয়োজিত আন্তঃ বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে প্রিমিয়ার ইউনিভার্সিটি রানার আপ হয়েছে। প্রতিযোগিতায় ১২ টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। চূড়ান্ত পর্বে প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর সাম্পান দল ইউএসটিসির সাথে বিতর্কে অংশ নিয়ে রানার আপ হয়। ০৭ ফেব্রুয়ারি ২০১৯, বৃহস্পতিবার, বেলা ১ টায় নগরীর প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে সাম্পান দল উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়। এই দলের সদস্যরা হলেন আরিফুল ইসলাম, কাজী নুরুল হক ও মার্সেল অনিক হালদার। এসময় উপস্থিত ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির চিফ মডারেটর সহকারী অধ্যাপক জুলিয়া পারভীন, মডারেটর সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস, সহকারী অধ্যাপক হিল্লোল সাহা, সহকারী অধ্যাপক মিনহাজ হোসাইন, সহকারী রেজিস্ট্রার আকলিমা আকতার আঁখি ও ইঞ্জিনিয়ার আবু রাসেল চৌধুরী



প্রমুখ। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের হাতে পুরস্কার তুলে দেয়ার পর তিনি বিতর্ক প্রতিযোগিতাকে 'মানসিক উৎকর্ষ সাধনে সহায়ক' উল্লেখ করে বলেন, আমি আশা করি, ভবিষ্যতেও প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি এ ধরনের বিতর্ক প্রতিযোগিতায় অংশ নিয়ে প্রিমিয়ার ইউনিভার্সিটির মর্যাদা বৃদ্ধি করবে। তিনি যুক্তির মাধ্যমে তর্ক পরিচালিত হয় উল্লেখ করে বলেন, মানবজীবনের সর্বক্ষেত্রে তর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ। বস্তুত এই তর্ক মানুষের চিন্তা-শক্তিকে শাণিত করে। তিনি যুক্তি প্রতিষ্ঠার জন্য তর্কের প্রয়োজন রয়েছে উল্লেখ করে বলেন, সমাজ-সভ্যতার অগ্রগতিতে বিজ্ঞানের গুরুত্ব অপরিসীম। আর এই বিজ্ঞান যুক্তির উপরই সম্পূর্ণ নির্ভরশীল।

ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন

## বাংলাদেশ ছিল পৃথিবীর সবচে' ধনী দেশ

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রাচীনকালে বাংলাদেশ ছিল পৃথিবীর সবচে' ধনী দেশ। তিনি বিশ্ববিখ্যাত পর্যটক বার্নিয়ারের কথা উল্লেখ করে বলেন, বার্নিয়ার শাহজাহানের রাজত্বকালে ভারতীয় উপমহাদেশে এসেছিলেন। তিনি দু'বার বাংলাদেশে আসেন। তিনি এদেশের বিস্তারিত বিবরণ তৎকালীন ফরাসি রাজা চতুর্দশ লুই-এর প্রধানমন্ত্রী কোর্লবার্টকে চিঠি লিখে জানিয়েছিলেন। একটি চিঠিতে তিনি লিখেছিলেন, প্রতি যুগে মিশরকেই বিশ্বের সবচেয়ে সমৃদ্ধশালী ও ফলশালী দেশ হিসেবে বর্ণনা করা হয়েছে, কিন্তু মিশরের এই সম্মান বস্তুত বাংলারই প্রাপ্য।

৭ জানুয়ারি ২০১৯, সকাল ১১টায় জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রাঙ্গনে এই ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৩৪ তম ব্যাচের বরণ ও ২৭ তম ব্যাচের বিদায় উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে ড. সেন ইংরেজি ভাষা সম্পর্কে বলেন, বিশ্বের প্রথম সারির বৃহত্তম কর্পোরেশনগুলোর অধিকাংশের ভাষা ইংরেজি। তারা ইংরেজির মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন। সাহিত্যে ইংরেজি ভাষার বিশাল অবদান রয়েছে। শেক্সপিয়ার, শেলি, ওয়ার্ডসওয়ার্থ, কীটস, বায়রন ও ইয়েটস্-এর মতো কবি রয়েছেন, তেমনি রয়েছেন নিউটনের মতো অসাধারণ বৈজ্ঞানিক, যাঁকে বিজ্ঞানের জনক বলা হয়। সুতরাং ইংরেজদের ঔপনিবেশিক শোষণে আমরা অত্যন্ত দীন হলেও, মননের জগতে তাদের দ্বারা আমরা সমৃদ্ধি পেয়েছি। ইংরেজি ভাষার ছাত্র-ছাত্রীরা ইংরেজি ভাষায় যে-সম্পদ রয়েছে তার দ্বারা যখন নিজেদের জীবনকে আলোকিত করবে, তখন তারা যেন আমাদের দেশের দীন-দরিদ্র-বঞ্চিত মানুষগুলোকে না ভোলে। কারণ এই বঞ্চনায় ইংরেজদের একটা অবদান রয়েছে। ২৭ তম ব্যাচের শিক্ষার্থী শাকেরা আহমেদ ও মো. শাহেদের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের প্রফেসর ড. মোহীত উল আলম।



কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

## মানুষের কল্যাণে প্রযুক্তিকে ব্যবহার করতে হবে: উপাচার্য ড. অনুপম সেন




প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৩৫ তম ব্যাচের নতুন শিক্ষার্থীদের নিয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১২ ফেব্রুয়ারি ২০১৯, সকাল ১১ টায় এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সভাপতিত্ব করেন প্রকৌশল অনুষদের ডিন ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. তৌফিক সাঈদ। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, মানুষ জীবনের বিভিন্ন পর্যায়ে বিভিন্ন জায়গায় যায়। যেমন, তোমরা স্কুল ও কলেজে ছিলে, এখন বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করেছো, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হয়েছো। আমার বিশ্বাস, তোমরা এই বিভাগ থেকে যথাযথ শিক্ষা নিয়ে বেরুতে পারবে। এই বিভাগের শিক্ষকরা তোমাদের জন্য বিজ্ঞানের জগত, প্রযুক্তির জগত উন্মুক্ত করে দেবেন।

প্রধান অতিথি ড. অনুপম সেন আজকের বিশ্বকে বিজ্ঞানের বিশ্ব উল্লেখ করে বলেন, বিজ্ঞানের কল্যাণে সুদূর অতীত থেকে নানা কিছু আবিষ্কার হচ্ছে। বিদ্যুৎ, কম্পিউটার, মোবাইল প্রভৃতি বিজ্ঞানের যুগান্তকারী আবিষ্কার। এসব আবিষ্কার প্রযুক্তির মাধ্যমে মানুষের ঘরে ঘরে পৌঁছে গেছে। এখন কোয়ান্টাম কম্পিউটার আবিষ্কারের পথে বিজ্ঞানীরা। ড. অনুপম সেন প্রযুক্তিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে বলেন, প্রযুক্তির মাধ্যমে পৃথিবীকে এগিয়ে নিতে হবে। মানুষের কল্যাণে প্রযুক্তিকে ব্যবহার করতে হবে। খেয়াল রাখতে হবে, কিছু কিছু প্রযুক্তি মানুষের কল্যাণের জন্য নয়, যেমন, আণবিক বোমা প্রভৃতি। দ্বিতীয় বিশ্বযুদ্ধে এই আণবিক বোমা জাপানের হিরোশিমা ও নাগাসাকি নামক দুইটি শহরকে ধ্বংস করে দিয়েছিল। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক আকরামুল কবির খান ও তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক। উপস্থিত ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা শিরিণ চৌধুরী, রোকন উদ্দিন ওসমানী, কিংশুক ধর, মিনহাজ হোসাইন ও আশিক কামাল প্রমুখ। উল্লেখ্য, অনুষ্ঠানের এক পর্যায়ে নবাগত ছাত্র-ছাত্রীরা তাঁদের প্রথম দিনের ক্যাম্পাস অনুভূতি ব্যক্ত করেন।

## অর্থনীতি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রাম




২৩ ফেব্রুয়ারি ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের স্প্রিং সেমিস্টার-এর শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের প্রধান ফারজানা ইয়াসমিন চৌধুরী। বিভাগীয় প্রধান তাঁর বক্তব্যে বাংলাদেশের চলমান অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতায় প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের ছাত্রছাত্রীরা এক অনন্য অবদান রাখবে এই আশাবাদ ব্যক্ত করেন। উক্ত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিভাগের প্রভাষক বদরুল হাসান আউয়াল। বিভাগের প্রভাষক অর্পিতা দত্তের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক ফারিয়া হোসেন বর্ষা, সুদীপ দে এবং নাহিদা আক্তার।

# প্রিমিয়ার ইউনিভার্সিটি বুলেটিন

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শুরু হল সপ্তাহব্যাপি জাতীয় বিতর্ক উৎসব

দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে পিইউডিএস ৭ম জাতীয় বিতর্ক উৎসব শুরু হয়েছে ৮ মার্চ ২০১৯। এই বিতর্ক উৎসবে ২৪টি স্কুল বিতর্ক দল, ১৮টি কলেজ বিতর্ক দল ও ৩২টি বিশ্ববিদ্যালয় বিতর্ক দল অংশ নিচ্ছে। প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির (পিইউডিএস) আয়োজনে সপ্তাহব্যাপী এই উৎসব চলবে ১৬ মার্চ পর্যন্ত। উৎসবের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. তৌফিক সাঈদ। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী পর্বে অতিথি ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারি ডিন মইনুল হক, আইন বিভাগের সহকারি অধ্যাপক হিল্লোল সাহা, ফিন্যান্স বিভাগের সহকারী অধ্যাপক নিলুফার সুলতানা ও তড়িৎ প্রকৌশল বিভাগের শিক্ষক সাইফুদ্দিন মুন্না। পিইউডিএস-এর প্রাক্তন সভাপতি তানভির আহমেদ সিদ্দিকির সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন দৃষ্টি চট্টগ্রামের সাধারণ সম্পাদক সাবের শাহ, পিইউডিএস-এর প্রাক্তন সাধারণ সম্পাদক শুভাশিষ চৌধুরী, প্রাক্তন সহ-সভাপতি তন্ময় বড়ুয়া, সভাপতি আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক তাসনিয়া আল সুলতানা ও প্রতিযোগিতা পরিচালক সাজিদ আনোয়ার। উদ্বোধনী পর্ব শেষে দিনব্যাপী স্কুল ও কলেজ পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ঢাকা ও চট্টগ্রামের জাতীয় পর্যায়ের বিচারকরা প্রতিযোগিতার বিচারকার্য সম্পাদন করেন। ১৫ মার্চ বিশ্ববিদ্যালয় পর্যায়ের জাতীয় বিতর্ক প্রতিযোগিতা ও ১৬ মার্চ স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী পর্ব অনুষ্ঠিত হবে।



### মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

## একুশে ফেব্রুয়ারি বিশ্বের ইতিহাসে অনন্য ও অসাধারণ দিন : উপাচার্য ড. অনুপম সেন

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, একুশে ফেব্রুয়ারি বাঙালির ইতিহাসে একটি অনন্য ও অসাধারণ দিন, যেহেতু ১৯৫২ সালের এই দিনে মাতৃভাষার সম্মান রক্ষার্থে বাংলা মায়ের বীর সন্তানেরা বুকের তাজা রক্তে রঞ্জিত করেছিলেন ঢাকার রাজপথ এবং আত্মাহুতি দিয়েছিলেন। জেনে রাখা দরকার, পৃথিবীতে কোন ভাষার জন্য এটাই প্রথম আত্মদান। তিনি আরও বলেন, মাতৃভাষার জন্য বাঙালির আত্মদানের এই ঘটনা স্বীকৃতি পেয়েছে আন্তর্জাতিক ক্ষেত্রে। ১৯৯৯ সালে ইউনেসকো একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেছে। তারপর থেকে এইদিনে বাঙালির সঙ্গে সারা বিশ্বেই দিনটি উদযাপিত হচ্ছে। সুতরাং একুশে ফেব্রুয়ারি বাঙালির ইতিহাসে একটি অনন্য দিন হলেও, এখন বিশ্বের ইতিহাসেও অনন্য ও অসাধারণ দিন। ২১ ফেব্রুয়ারি ২০১৯, নগরীর জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় শহীদ মিনারে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করার প্রাক্কালে তিনি এসব কথা বলেন। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বাংলা ভাষা আন্দোলনের ধারাবাহিক ইতিহাস বর্ণনা করে বলেন, ১৯৭১ সালে বাংলাদেশ যে ভাষাভিত্তিক জাতীয় রাষ্ট্র হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে এক রক্তক্ষয়ী সশস্ত্র স্বাধীনতা সংগ্রামের মধ্য দিয়ে আত্মপ্রকাশ করল, তার বীজ অঙ্কুরিত হয়েছিল ১৯৫২-এর ভাষা আন্দোলনের মহান সংগ্রামে। বস্তুত এই স্বাধীনতা সংগ্রাম ভাষা আন্দোলনেরই যৌক্তিক পরিণতি।




উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করার পরে ইউনিভার্সিটির কর্মকর্তা-কর্মচারি, গণিত বিভাগ, তড়িৎ প্রকৌশল বিভাগ, ইংরেজি বিভাগ, ব্যবসা-শিক্ষা অনুষদ, আইন বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, স্থাপত্য বিভাগ, অর্থনীতি বিভাগ, সমাজবিজ্ঞান বিভাগ, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি, রোবটিক্স কাব, আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চ, প্রিমিয়ার ইউনিভার্সিটি ল’ অ্যালামনাই অ্যাসোসিয়েশন (পুলা), অ্যালামনাই অ্যাসোসিয়েশন অব ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার্স কর্তৃক পুষ্পমাল্য অর্পণ করা হয়।


# Premier University

## ADMISSION

### Admission Qualifications

Candidates with at least GPA 5 (having minimum GPA 2.5 or 2nd division in both SSC & HSC or in equivalent examinations) or GPA 6 (combined, but score not less than GPA 2 in any individual examination) are eligible for admission to undergraduate programs. For admission to Masters' Programs candidates should have requirement of admission to Bachelor Degree Program as mentioned above and must have also at least GPA 2 in Degree Examinations. For E.M.B.A. one year's work experience will also be required.

### Undergraduate Programs

- B.B.A.
  (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- LL.B. (Honors)
- B.A. (Honors) in English
- B.Sc. in E.E.E.
- B.Sc. in C.S.E.
- Bachelor of Architecture
- B.S.S. (Honors) in Economics
- B.Sc. (Honors) in Mathematics
- B.Sc. (Honors) in Chemistry
- B.S.S. (Honors) in Sociology and Sustainable Development

### Graduate Programs

- M.B.A. (2 years)
  (Accounting, Finance, Marketing & H.R.M.)
- M.B.A. (1 year)
  (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- E.M.B.A. (Executive M.B.A.)
- M.S.S. in Economics (1 year)
  Banking & Finance, Development Studies
- M.A. in English (Major in E.L.T.)
- M.A. in English (E.L.L.)
- LL.M.
- CCNA (Exploration (CISCO Networking)



Ladies Hostel

Well Furnished Hostel Accommodation Available for Female Students.



Faculty of Arts



Faculty of Business



Faculty of Law & Social Science



Faculty of Engineering & Science



Convocation Program



Administrative Building